



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া



স্মারক নং- সমুমক/বগ/২০২০/ ৫৫৩

তারিখ: ০৮/০৯/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর “অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক রচনা প্রতিযোগিতা।

এতদ্বারা অত্র কলেজের অনার্স, মাস্টার্স ও ডিগ্রি (পাশ) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় একাধিক কর্মসূচি হাতে নিয়েছে। এরই অংশ হিসেবে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক এক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ২৫/০৯/২০২০ তারিখ দুপুর ১২টার মধ্যে কলেজ অফিসে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য মুজিববর্ষের রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদ ও পুরস্কার প্রদান করা হবে। প্রথম পুরস্কার ৫০,০০০/- (পঞ্চাশ হাজার), দ্বিতীয় পুরস্কার ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং তৃতীয় পুরস্কার ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

২। অনুসরণীয় নিয়মাবলী:

লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা নিজের নাম, পিতার নাম, শ্রেণি, বিভাগ/বিষয়, রেজিস্ট্রেশন নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখসহ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শিরোনামে অনধিক ২৫০০ শব্দের একটি লেখা কম্পিউটারে লিখবে। লেখার সফট কপি MS Word Document-এ কলেজের ই-মেইলে (bogramrcollege@yahoo.com) ও হার্ডকপি আগামী ২৭/০৯/২০২০ তারিখ দুপুর ১২টার মধ্যে কলেজ অফিসে প্রেরণ করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। পাসপোর্ট সাইজের একটি ছবি
- ২। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১ কপি
- ৩। পরিচিতিসহ অধ্যক্ষের প্রত্যয়নপত্র ১ কপি

০৮-০৯-২০২০

প্রফেসর জোহরা ওয়াহিদা রহমান (৫৬২৩)

অধ্যক্ষ

সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া

ফোন নং-০৫১-৬৫৩৭৫

প্রফেসর জোহরা ওয়াহিদা রহমান (৫৬২৩)

অধ্যক্ষ

সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ
- ৩। বিভাগীয় প্রধান,বিভাগ, অত্র কলেজ
- ৪। প্রধান সহকারী/হিসাবরক্ষক, অত্র কলেজ
- ৫। ওয়েবসাইট/ফেসবুক/নোটিশ বোর্ড, অত্র কলেজ
- ৬। সংরক্ষণ নথি।